

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২১.০০১.১৮.১৩৭০

তারিখ: ২০ আশ্বিন ১৪৩০

০৫ অক্টোবর ২০২৩

প্রজ্ঞাপন

বিসিএস(সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব সুপ্রিয়া সাহা (১৯১৩৭১৪০০০২), প্রভাষক (মনোবিজ্ঞান), গোল-ই-আফরোজ সরকারি কলেজ, সিংড়া, নাটোর-এর অনুকূলে যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব সাসেক্স এ পিএইচ.ডি. কোর্সে অধ্যয়নরত স্বামীর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ১৫-১০-২০২৩ তারিখ হতে ১৪-১০-২০২৪ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ০১ (এক) বছর বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুরক্রমে নিম্নোক্ত শর্তে বহিঃবাংলাদেশ গমনের অনুমতি প্রদান করা হলো:

শর্তসমূহ:

- তিনি অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- তিনি ছুটি ভোগ শেষে দেশে ফিরে আবশ্যিকভাবে কর্মস্থলে যোগদানপূর্বক কর্তৃপক্ষ-কে অবহিত করবেন;
- এই ভ্রমণে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- এই ভ্রমণ ব্যয় আয়কর বিবরণীতে প্রদর্শন করতে হবে;
- বিএসআর পার্ট-১ এর ২৯২ নং বিধি অনুযায়ী তাঁর অসাধারণ ছুটি পেনশনযোগ্য চাকরিকাল হিসেবে গণ্য হইবে না;
- বিএসআর পার্ট-১ এর পরিশিষ্ট-৮ এর ৩৪ বিধি অনুযায়ী ছুটি অনুমোদনের ৩৫ দিনের মধ্যে ছুটি ভোগ আরম্ভ করতে হবে; অন্যথায় এ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং
- তিনি অনুমোদিত ছুটি ভোগ না করলেও ছুটি ভোগ হয়েছে মর্মে প্রতীয়মান হবে। মঞ্জুরকৃত ছুটি বাতিলযোগ্য নয়।

০২. উল্লেখ্য, ছুটিকালীন তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে ন্যস্ত থাকবেন।

০৩. এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৮-১১-২০ ২৩

মোসাঃ রোকেয়া পারভীন
উপসচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২১.০০১.১৮.১৩৭০/১(৯)

তারিখ: ২০ আশ্বিন ১৪৩০
০৫ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ২) অধ্যক্ষ, গোল-ই-আফরোজ সরকারি কলেজ, সিংড়া, নাটোর
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) জনাব সুপ্রিয়া সাহা (১৯১৩৭১৪০০০২), প্রভাষক (মনোবিজ্ঞান), গোল-ই-আফরোজ সরকারি কলেজ, সিংড়া, নাটোর
- ৭) জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৯) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....